

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৭৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - উপার্জন করা এবং হালাল রুযী অবলম্বনের উপায় সন্ধান করা

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: لَعَنَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْخَمْرِ عَشَرَةً: عَاصِرَهَا وَمُعْتَصِرَهَا وَشَارِبَهَا وَحَامِلَهَا وَالْمُشْتَرِي وَمُعْتَصِرَهَا وَبَائِعَهَا وَآكِلَ تَمَنِهَا وَالْمُشْتَرِي لَهُ. رَوَاهُ التِّرْمِذِيِّ وَابْن مَاجَه

বাংলা

২৭৭৬-[১৮] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদের সাথে সংশ্লিষ্ট দশ ব্যক্তির ওপর লা'নাত করেছেন-১। যে মদ তৈরি করে, ২। যে মদ তৈরির নির্দেশ দেয়, ৩। যে মদ পান করে, ৪। যে মদ বহন করে, ৫। যার জন্য মদ বহন করে নিয়ে যাওয়া হয়, ৬। যে মদ পান করায়, ৭। যে মদ বিক্রি করে, ৮। যে মদের আয় উপভোগ করে, ৯। যে মদ ক্রয় করে, ১০। যার জন্য মদ ক্রয় করা হয়। (তিরমিযী, ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ১২৯৫, ইবনু মাজাহ ৩৩৮১, সহীহ আত্ তারগীব ২৩৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَعَنَ رَسُوْلُ اللّهِ ﷺ فِي الْخَمْرِ عَشَرَةً) "রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম মদের কারণে দশ প্রকার লোকের প্রতি অভিশাপ দিয়েছেন।" অর্থাৎ মদের সাথে জড়িত দশ শ্রেণীর লোকের প্রতি আল্লাহর লা'নাত।

(وَبَائِعَهَا) "তা বিক্রয়কারী"। অর্থাৎ যে ব্যক্তি নিজে মদ বিক্রয় অথবা অন্যের মদ বিক্রয় করে দেয় অথবা মদ বিক্রয়ে সহযোগিতা করে- এ সকল প্রকার লোকের প্রতিই আল্লাহর লা'নাত বর্ষিত হয়।

(وَأَكِلَ تُمَنِهَا) "মদের মূল্য ভক্ষণকারীর"। অর্থাৎ মদ উৎপাদন করে তা বিক্রয় করে তার মূল্য ভক্ষণকারী অথবা মদের ব্যবসা করে মুনাফা অর্জন করে তা ভক্ষণকারী- এরা সকলেই এ লা'নাতের মধ্যে শামিল। (মিরকাতুল



মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন